অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের ঐতিহাসিক শীতকালীন ঝড়, যা ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রির সম্প্রদায়গুলিতে ছয় ফুটের বেশি তুষার এনেছে, তা সম্পর্কে স্টেটের সাড়াদান বিষয়ে সর্বশেষ তথ্য জানালেন

স্টেট এজেন্সির জরুরি সাড়াদান সম্পদ স্থানীয় এলাকাগুলিকে পরিচ্ছন্নতা এবং পুনর্বাসন প্রচেষ্টায় সহায়তা করে যাচ্ছে

ইরি কাউন্টিতে নিযুক্ত 100-র বেশি ন্যাশনাল গার্ড সদস্যরা বাসিন্দাদের এবং স্থানীয় ঝড় সাড়াদানে সহায়তা করছে

নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়ে এখন সকল ট্র্যাফিকের জন্য খোলা এবং সকল বাণিজ্যিক যানের সীমাবদ্ধতা তুলে নেওয়া হয়েছে: এক্সিট 55 (লাকাওয়ানা) সকল ট্র্যাফিকের জন্য বন্ধ থাকবে যাতে রুট 219 বন্ধ রাখা সমর্থন করা যায়; এক্সিট 56 (ব্লেজডেল) এবং এক্সিট 57 (হ্যামবার্গ) বাণিজ্যিক ট্র্যাফিকের জন্য বন্ধ থাকছে

স্টেটের পরিবহন বিভাগ ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রির একাধিক স্টেট হাইওয়ের বাণিজ্যিক যান নিষেধাজ্ঞা তুলে নিয়েছে; ইরি কাউন্টির রুট 400 এখন ট্র্যাফিকের জন্য খোলা থাকবে

ইরি কাউন্টি এবং বাফেলো সিটির কিছু অংশে যাত্রা নিষেধাজ্ঞা বহাল থাকবে, অরচ্যার্ড পার্ক টাউন, হ্যামবার্গ এবং ইভান্স; ইরি কাউন্টির রুট 219-র কিছু অংশ বন্ধ থাকছে

ইরি কাউন্টির অরচ্যার্ড পার্ক, ব্লেজডেল এবং হ্যামবার্গে মোট পাঁচ ফুটের বেশি, এবং ওয়াটারটাউন ও ফোর্ট ড্রাম এলাকায় ছয় ফুটের বেশি তুষার জমে যাওয়ার খবর পাওয়া গেছে, সর্বোচ্চ তুষারপাতের হার ইরি কাউন্টিতে ঘণ্টায় ছয় ইঞ্চি এবং জেফারসন কাউন্টিতে ঘণ্টায় পাঁচ ইঞ্চি

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কবাসীকে বৃহস্পতিবার সন্ধ্যা থেকে বাফেলো ও ওয়াটারটাউন এলাকাসমূহকে ছয় ফুটের বেশি তুষারে ঢেকে দেওয়া ঐতিহাসিক শীতকালীন ঝড়ের পরবর্তী সর্বশেষ অবস্থা সম্পর্কে জানালেন।

"ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সকল বাসিন্দা এবং আমাদের জরুরি ব্যবস্থাপনা অভিজ্ঞ ব্যক্তি ও কর্মীদের সকলকে ধন্যবাদ, যারা এই ঐতিহাসিক শীতকালীন ঝড় চলাকালীন একে অন্যের পাশে থেকেছে," **গভর্নর হোকল বলেন।** "আমরা সারা দিনরাত কাজ করছি সকলকে নিরাপদ রাখার জন্য এবং সকল নিউ ইয়র্কবাসীকে এই সম্ভাব্য প্রাণঘাতী আবহাওয়া ঘটনার সময় সতর্ক ও প্রস্তুত থাকতে তাগিদ প্রদান করছি।"

বৃহস্পতিবার লেক ইফেক্ট তুষার আসার পূর্বে, গভর্নর হোকল 11টি কাউন্টিতে এবং সংলগ্ন কাউন্টিগুলিতে জরুরি অবস্থা (State of Emergency) জারি করেছেন, যা বহাল রয়েছে। পাশাপাশি, নিউ ইয়র্কের জরুরি ব্যবস্থাপনা অভিজ্ঞ ব্যক্তিরা ইভেন্টটির অনেক দিন আগে থেকেই তাদের স্থানীয় সহকর্মীদের সাথে নিয়মিত যোগাযোগ করছে।

নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি সেবা ডিভিশনের (State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বের কল্যাণে, নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে আমাদের স্থানীয় সহকর্মীদের সহায়তা করার ক্ষেত্রে স্টেট এজেন্সিগুলি নজিরবিহীন সমন্বয়, যোগাযোগ এবং ব্যবস্থা গ্রহণ করেছে। এগারোটি কাউন্টি জরুরি অবস্থার অধীনে থাকছে এবং DHSES এই ঐতিহাসিক ঝড় থেকে পুনরুদ্ধারে সাহায্যের জন্য ফেডারেল সহায়তা নিশ্চিত করতে গভর্নর হোকলের সাথে কাজ করছে।"

নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি সেবা ডিভিশনের জরুরি ব্যবস্থাপনা অফিস (Office of Emergency Management, OEM) এবং অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস (Office of Fire Prevention and Control), পরিবহন বিভাগ (Department of Transportation, DOT), নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), এবং থ্রুওয়ে কর্তৃপক্ষও (Thruway Authority) ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে নিম্নলিখিত সংস্থানগুলি আগে থেকেই নিযুক্ত করে রেখেছিলো:

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে NYS সরঞ্জাম

- 484টি বড় এবং মিডিয়াম প্লাও ট্রাক
- 14টি টো প্লাও
- 98টি বড় লোডার
- 24টি স্নো ব্লোয়ার
- 39টি ট্র্যাকযুক্ত যান (যার মধ্যে 24টি স্নোমোবাইল)
- অঞ্চলগুলিতে 533টি জেনারেটর
- অঞ্চলগুলিতে 202টি চেইনস

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে NYS কর্মী

- 1,056 জন DOT এবং থ্রুওয়ে অপারেটর ও সুপারভাইজার
- 142 জন স্টেট পুলিশ (State Police) সদস্য
- 150 জন ন্যাশনাল গার্ড সদস্য

- 24 জন ঘটনা কমান্ড ব্যবস্থা (Incident Command System, ICS) কর্মী

বৃহস্পতিবার আপস্টেট নিউ ইয়র্কের কিছু অংশে তুষারপাত শুরু হয় এবং আজকে পর্যন্ত ইরি কাউন্টিতে এবং জেফারসন কাউন্টিতে ছয় ফুটের বেশি তুষারের খবর পাওয়া গেছে, এর মধ্যে ইরি কাউন্টির হ্যামবার্গ, ব্লেজডেল, অরচ্যার্ড পার্ক এবং জেফারসন কাউন্টির ন্যাচারাল ব্রিজ রয়েছে। এই পুরো সময়ে, এই এলাকাগুলি ঘণ্টায় সর্বোচ্চ ছয় ইঞ্চি তুষার দেখেছে, যা অত্যন্ত বিপজ্জনক যাত্রা পরিস্থিতি সৃষ্টি করেছে।

লেক ইরি তুষার ব্যান্ডটি এখন সাউদার্ন টিয়ারে ইরি কাউন্টির দক্ষিণে রয়েছে (ক্যাটারাগাস, শ্যাটাকোয়া, এবং অ্যালেগেনি কাউন্টি)। এইসব এলাকায় মোট ছয় ইঞ্চি তুষারপাত হবে বলে অনুমান করা যাচ্ছে এবং তুষারপাতের হার হবে ঘণ্টায় দুই থেকে তিন ইঞ্চি। আজকে, ব্যান্ডটি উত্তরে উঠে বাফেলো শহরে আরো এক থেকে তিন ইঞ্চি তুষার নিয়ে আসবে বলে পূর্বাভাস রয়েছে।

আজকে বহু অবস্থানে ঘণ্টায় 50 মাইল গতির তীব্র বাতাসের পূর্বাভাস রয়েছে, যার ফলে ওয়েস্টার্ন কাউন্টিগুলিতে তুষার উড়বে এবং প্রবাহিত হবে।

একটি তীব্র লেক ইফেক্ট তুষার ব্যান্ড জেফারসন কাউন্টির দক্ষিণে সরে গেছে এবং রবিবার তা সাউদার্ন লুইস, ওসওয়েগো, এবং দূর উত্তরের ক্যায়ুগা কাউন্টিগুলিকে প্রভাবিত করবে। ওসওয়েগো কাউন্টিতে আগামীকাল সকাল পর্যন্ত অতিরিক্ত দুই থেকে তিন ফুট তুষারপাত হবে বলে আশঙ্কা করা যাচ্ছে। তুষারপাতের হার ঘণ্টায় চারি ইঞ্চি পর্যন্ত এবং বাতাসের প্রবাহ ঘণ্টায় 40 মাইল পর্যন্ত সম্ভব।
গভর্নর হোকল এবং স্থানীয় কর্মকর্তারা নিউ ইয়র্কবাসীকে উভয় অঞ্চলের প্রভাবিত এলাকাসমূহে যাত্রা এড়াতে তাগিদ দিয়ে যাচ্ছেন যাতে প্লাও কর্মী এবং জরুরি সাড়াদানকারীরা তাদের কাজ অব্যাহত রাখতে পারে।

ফেডারেল জরুরি ঘোষণা

গভর্নর রাষ্ট্রপতি বাইডেনের কাছে ক্যাটারাগাস, শ্যাটাকোয়া, ইরি, জেনেসি, জেফারসন, লুইস, নায়াগ্রা, ওনিডা, ওসওয়েগো, সেইন্ট লরেন্স, এবং ওয়াইওমিং কাউন্টির জন্য একটি ফেডারেল জরুরি ঘোষণার (Emergency Declaration) অনুরোধ জমা দিয়েছেন।অনুমোদিত হলে, জরুরি ঘোষণাটি প্রভাবিত কাউন্টিসমূহে চলমান সাড়াদান ও উদ্ধার কার্যক্রম সমর্থন করার জন্য তাৎক্ষণিক ফেডারেল তহবিল প্রদান করবে।

এজেন্সির কর্মকাণ্ড

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি সেবা ডিভিশন নিবিড়ভাবে আবহাওয়া ও যাত্রার পরিস্থিতি পর্যবেক্ষণ করবে, স্টেটের এজেন্সির সাড়াদান কার্যক্রম সমন্বয় করবে, এবং

দুর্যোগের সময়জুড়ে স্থানীয়দের সাথে যোগাযোগ রক্ষা করবে। স্টেটের জরুরি ব্যবস্থাপনা অফিসের জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র (Emergency Operations Center) ঝড়ের প্রস্তুতিতে বুধবার জাতীয় আবহাওয়া পরিষেবার সাথে আন্তঃএজেন্সি সমন্বয় ফোনালাপ শুরু করে।

স্টেটের অ্যালবানিতে জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র, এবং একইসাথে ইরি কাউন্টির চিকটোওয়াগাতে একটি আঞ্চলিক কার্যক্রম পরিচালনা কেন্দ্র (Regional Operations Center) সক্রিয় করা হয়েছে বৃহস্পতিবার, যেখানে DHSES স্টেট এজেন্সি অংশীদারদের সাথে মাঠপর্যায়ে সাড়াদানের সমন্বয় করছে, যাদের মধ্যে আছে NYSDOT, স্টেট পুলিশ এবং থ্রুওয়ে কর্তৃপক্ষ। পাশাপাশি, ইরি কাউন্টির জরুরি কর্মকাণ্ড পরিচালনা কেন্দ্রে (Erie County Emergency Operations Center) OEM কর্মীরা রয়েছে স্টেট ও স্থানীয় সাড়াদানের মধ্যে আরো সমন্বয় বজায় রাখার জন্য। স্টেট স্টকপাইলগুলি যেকোনও ধরনের ঝড়-সংক্রান্ত প্রয়োজন সমর্থনে স্থানীয় সরকারের জন্য নিযুক্ত হওয়ার জন্য প্রস্তুত আছে।

স্টেটের অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস আটকে পরা যান থেকে 150 জনের বেশি ব্যক্তিকে উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে যেতে সহায়তা করেছে। স্টেটের দমকল কর্মীরা স্থানীয় সরকারগুলিতে বাসিন্দারা সুস্থ আছে কিনা তা দেখতে এবং কাঠামোগত অটুট অবস্থা যাচাই করতে সহায়তা করে যাচ্ছে।

পরিবহন বিভাগ (Department of Transportation)
ওয়েস্টার্ন নিউ ইয়র্কে, I-90 থেকে পিটার্স রোড পর্যন্ত রুট 219 বর্তমানে বন্ধ আছে। স্টেট ও স্থানীয় কর্মকর্তাদের সমন্বয়ে কাজ করে, বিভাগটি পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং এই রাস্তা কখন পুনরায় খুলে দেওয়া হবে সেই ব্যাপারে জনগণকে জানাবে।

স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট (Department of Transportation, DOT) 3,287 সুপারভাইজার এবং অপারেটর নিয়ে সাড়াদান করছে। কর্মীদের প্রয়োজনমতো যেকোনও ধরনের সাড়াদান দল হিসেবে সজ্জিত করা যেতে পারে, যার মধ্যে আছে তুষার ও বরফ অপারেশন, ড্রেনেজ, চিপার, ভার তোলা ও বহন, এবং কাটা ও ছুড়ে ফেলা। পাশাপাশি, 75 জন ঘটনা কমান্ড ব্যবস্থা কর্মী উপলভ্য থাকবে আসন্ন ঘটনায় সমর্থন দানের জন্য।

বিভাগটি অন্যান্য অঞ্চল থেকে ইরি কাউন্টিতে শুক্রবার অতিরিক্ত প্লাও ও অপারেটর প্রেরণ করেছে তুষার এবং বরফ অপসারণ কার্যক্রমে আরো সহায়তা করার জন্য, যার মধ্যে রয়েছে হ্যামবার্গ টাউন, বাফেলো সিটি, ব্লেজডেল গ্রাম এবং অরচ্যার্ড পার্ক টাউনের স্থানীয় রাস্তা।এছাড়াও বিভাগটি নায়াগ্রা ফলস সিটিকে প্রধান সংযোগ সড়কে প্লাওয়িং করতে সাহায্য করেছে। DOT প্লাওগুলি এছাড়াও ওয়াটারটাউন সিটি এবং ব্ল্যাক রিভার গ্রামের মুখ্য রুটগুলিতে তুষার ও বরফ অপসারণ কার্যক্রমে সহায়তা করছে।

বিদ্যমান সংস্থানের পাশাপাশি, DOT ওয়েস্টার্ন নিউ ইয়র্কে চুক্তিভিত্তিক সংস্থান আনছে, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক থেকে। এর মধ্যে রয়েছে 64টি লোডার, 130টির বেশি বড় ডাম্প ট্রাক, একটি স্কিড স্টিয়ার, এবং আরো প্রায় 200 জন কর্মী।

সকল রেসিডেন্সি অবস্থানে এই পুরো ঘটনার সময়ে এবং অগ্রাধিকার পরিচ্ছন্নতা অপারেশনের সময় 24/7 কর্মকাণ্ড সচল রাখার জন্য কর্মীদের রাখবে। তুষার এবং বরফের জন্য প্রয়োজনীয় সকল উপকরণ প্রস্তুত। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিককে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে।

বাণিজ্যিক যান নিষেধাজ্ঞা

বাণিজ্যিক যান নিষেধাজ্ঞা বহাল থাকবে রুট 219-এ রুট 39 থেকে I-90, রাস্তাটি বন্ধ থাকবে।I-81 এ এক্সিট 33 থেকে কানাডিয়ান সীমান্ত পর্যন্ত, ট্রাকগুলিকে এখনো শুধু ডানের লেন ব্যবহার করতে হবে।

DOT নিম্নলিখিত অবস্থানগুলি থেকে বাণিজ্যিক যান নিষেধাজ্ঞা সম্পূর্ণভাবে তুলে নিয়েছে:

- ইন্টারস্টেট 190 - রুট 62 থেকে I-90
- ইন্টারস্টেট 290 - সম্পূর্ণ দৈর্ঘ্য
- ইন্টারস্টেট 990 - সম্পূর্ণ দৈর্ঘ্য
- রুট 33 - শুধু এক্সপ্রেসওয়ে অংশ
- বাফেলো স্কাইওয়ে রুট 5 - সম্পূর্ণ দৈর্ঘ্য
- রুট 400 - সম্পূর্ণ দৈর্ঘ্য

থ্রুওয়ে কর্তৃপক্ষ

থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority) কর্মীরা উল্লেখযোগ্য লেক ইফেক্ট ঝড়ের পরে পরিচ্ছন্নতা প্রচেষ্টা অব্যাহত রেখেছে স্টেটব্যাপী প্রস্তুত থাকা 657 জন অপারেটর ও সুপারভাইজার নিয়ে। থ্রুওয়ে এর নিউ ইয়র্ক, সিরাকিউজ এবং অ্যালবানি ডিভিশন থেকে অতিরিক্ত কর্মী ও সরঞ্জাম স্থানান্তর ও নিযুক্ত করেছে যাতে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সম্ভাব্য সবথেকে ক্ষতিগ্রস্ত স্থানগুলিতে তুষার ও বরফ অপারেশন সমর্থন করতে পারে। নিযুক্ত সংস্থানগুলির মধ্যে রয়েছে অপারেটর ও সুপারভাইজার, মেকানিক, বড় প্লাও ট্রাক এবং বড় স্নোব্লোয়ার।

থ্রুওয়ে সকল ট্র্যাফিকের জন্য পুনরায় খুলে দেওয়া হইছে এবং বর্তমানে নিচের ব্যতিক্রম বাদে কোনও বাণিজ্যিক যান চলাচলের সীমাবদ্ধতা নেই: থ্রুওয়ে (I-90) এক্সিট 55 (লাকাওয়ানা) সকল ট্র্যাফিকের জন্য বন্ধ থাকছে রুট 219 বন্ধ থাকা সমর্থনের জন্য। পাশাপাশি, এক্সিট 56 (ব্লেজডেল) এবং এক্সিট 57 (হ্যামবার্গ) এইসব এলাকার পরিচ্ছন্নতায় সাহায্য করতে বাণিজ্যিক যানের জন্য বন্ধ থাকছে।

থ্রুওয়েতে মোটরচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়। থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতওে গাড়ির চালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে উপলব্ধ। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে।

এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে৷ আপনি থ্রুওয়ে অথরিটিকে টুইটারে অনুসরণ করতে পারেন: @ThruwayTraffic এবং @NYSThruway এবং ফেসবুকে (Facebook) NYS Thruway Authority।

ন্যাশনাল গার্ড

গভর্নর হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড (New York National Guard) রবিবার 109 জন্য সৈন্য এবং বৈমানিককে দায়িত্বরত রেখেছে যারা তুষার ঝরে স্টেটের সাড়াদানকে সমর্থন করছে। অতিরিক্ত 75 জন সৈন্য ও বৈমানিক, সাথে প্রকৌশল যান নিয়ে তুষার অপসারণ করার জন্য আজকে, 20 নভেম্বর থেকে দায়িত্ব শুরু করবে। অতিরিক্ত নিযুক্ত থকা সরঞ্জামের মধ্যে আছে চারটি ফ্রন্ট-এন্ড লোডার এবং 204তম প্রকৌশল ব্যাটেলিয়ন এবং 152তম ব্রিগেড প্রকৌশল ব্যাটেলিয়ন থেকে আটটি 10-টন ডাম্প ট্রাক; অবার্নের 102তম মিলিটারি পুলিশ ব্যাটেলিয়ন থেকে অতিরিক্ত হামভি এবং কর্মী, এবং সিরাকিউজের 174তম আক্রমণ উইং ও সাধারণ উদ্দেশ্যে সাড়াদান ও রাবিশ পরিষ্কারের কাজ করবে।

শনিবার, ন্যাশনাল গার্ডের ট্রুপগুলি নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়ে কর্তৃপক্ষকে থ্রুওয়ের কিছু অংশ পরিষ্কারে সাহায্য করেছে, হ্যামবার্গ টাউনের রাস্তা পরিষ্কার করেছে এবং মানুষকে মেডিকেল অ্যাপয়েন্টমেন্টে নিয়ে গেছে। মিশনে নিযুক্ত অন্যান্য ট্রুপ এসেছে 2য় স্কোয়াড্রন 101তম ক্যাভেলরি রেজিমেন্ট, 107তম আক্রমণ উইং, এবং 105তম সামরিক পুলিশ কোম্পানি (Military Police Company) থেকে। ন্যাশনাল গার্ড কর্মীরা নায়াগ্রা ফলস এয়ার রিজার্ভ স্টেশনকে (Niagara Falls Air Reserve Station) তুষার ঝড় মিশন সমর্থনের ঘাঁটি হিসেবে ব্যবহার করছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ লেক ইফেক্ট তুষার দ্বারা সবথেকে বেশি আক্রান্ত এলাকাগুলিতে অতিরিক্ত টহল যোগ করেছে, এবং অতিরিক্ত বিশেষ যানের ব্যবস্থা করেছে যার মধ্যে রয়েছে সেই সব অঞ্চলে অল-টেরেইন যান, ইউটিলিটি টাস্ক যান এবং স্নোমোবাইল। সকল ফোর হুইল ড্রাইভ যান নিযুক্ত করা হয়েছে, এবং ট্রুপ জরুরি বিদ্যুৎ ও যোগাযোগ সরঞ্জামসমূহ পরীক্ষা করে দেখা হয়েছে।

জনসেবা বিভাগ (Department of Public Service)

নিউ ইয়র্কের ইউটিলিটিগুলিতে রাজ্য জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, প্রতিক্রিয়া, মেরামত এবং পুনরুদ্ধারের প্রচেষ্টার জন্য আনুমানিক 5,780 জন কর্মী উপলভ্য। এতে রয়েছে অতিরিক্ত 280 জন বাহ্যিক FTE যা জাতীয় গ্রিড দ্বারা নিশ্চিত হয়েছে। NYSEG অতিরিক্ত 224 জন চুক্তিভিত্তিক লাইন কর্মী এবং 99 জন চুক্তিভিত্তিক গাছ কর্মীকে প্রয়োজন হলে সাড়াদানের জন্য প্রস্তুত রেখেছে। DPS-এর কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

শীতকালীন নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

শীতকালীন ভ্রমণ

নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- শীতকালীন ঝড়ের সময়ে প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- সেতুগুলোতে সতর্কতা অবলম্বন করুন কারণ সেখানে সড়কের তুলনায় অধিক দ্রুত বরফ জমে যায়।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য ফোন করে উদ্ধারকারীদেরকে আপনার অবস্থান জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে, যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে। প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অবস্থান করে কাজ করে থাকে, কারণ এতে একাধিক লেন সর্বাধিক কার্যকর ও নিরাপদ উপায়ে পরিষ্কার করা যায়।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনো কোনো স্নোপ্লাউ চালু অবস্থায় এটির সামনে দিয়ে অতিক্রম করার চেষ্টা করবেন না।

ভারী কাজকর্ম

ভারী কাজকর্ম, যেমন বরফ সরানো, ধ্বংসাবশেষ পরিষ্কার করা অথবা গাড়ি ঠেলা, ইত্যাদি হার্ট অ্যাটাকের ঝুঁকি বাড়িয়ে দেয়।

সমস্যা এড়াতে:

- উষ্ণ থাকুন, গরম পোশাক পরুন এবং ঘরের বাইরে কাজ করার সময় ধীর গতিতে কাজ করুন।
- অতিরিক্ত পরিশ্রম এড়াতে ঘন ঘন বিশ্রাম নিন
- যদি আপনি বুকে ব্যথা, শ্বাসকষ্ট, বা আপনার চোয়াল থেকে আপনার বাহুর দিকে চলে যাওয়া ব্যথা, ইত্যাদি অনুভব করেন -- তাহলে থামুন এবং তাৎক্ষণিকভাবে সাহায্য চান।

বিদ্যুৎ বিভ্রাট

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে ফোন করুন
- পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি চালু রাখুন
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।

হিটিং সংক্রান্ত সতর্কতা

- বিকল্প তাপের জন্য শুধু নিরাপদ উৎস যেমন ফায়ারপ্লেস, ছোট আকারের ভালো ভেন্টযুক্ত কাঠের বা কয়লার চুলা বা পোর্টেবল স্পেস হিটার ব্যবহার করুন
- সবসময় প্রস্তুতকারকের নির্দেশনা মেনে চলুন
- বিকল্প তাপের উৎস যেমন ফায়ারপ্লেস, উডস্টোভ, ইত্যাদি ব্যবহার করার সময় সবসময় যথাযথ ভেন্টিলেশন রয়েছে তা নিশ্চিত করুন
- পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন।
- একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং স্মোক ডিটেক্টর রাখুন এবং সেগুলো কাজ করছে তা নিশ্চিত করুন
- যদি আপনি আপনার হিটিং-এর নিয়মিত জ্বালানির সম্পূরক হিসেবে, অথবা জরুরি পরিস্থিতিতে তাপের উৎস হিসেবে কেরোসিন হিটার ব্যবহার করেন, তাহলে নিম্নলিখিত নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ অনুসরণ করুন:
  - -উৎপাদকের নির্দেশনা অনুসরণ করুন
  - -আপনার ইউনিটের জন্য শুধু সঠিক জ্বালানি ব্যবহার করুন
  - -শুধু ঘরের বাইরে এবং শুধুমাত্র যখন ইউনিটটি ঠাণ্ডা থাকে তখন পুনরায় জ্বালানি ভর্তি করুন
  - -হিটারকে আসবাবপত্র এবং অন্যান্য দাহ্য বস্তু থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন
  - -হিটার ব্যবহার করার সময়, আগুন থেকে সুরক্ষার পদক্ষেপসমূহ এবং ভেন্টিলেশন যথাযথভাবে ব্যবহার করুন

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য ভিজিট করুন https://dhses.ny.gov/safety।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418